

স্মারক নং-৩৪.০১.৫০০০.০০০.৩৮.১২০.২২-

৫৫২

তারিখঃ ০৫/০১/২০২৩খ্রিঃ।

ভর্তি বিজ্ঞপ্তি

দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়িচালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরধীন “যানবাহন চালনা প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় বেকার যুবদের যানবাহন চালনা বিষয়ে ০১ (এক) মাস মেয়াদি অনাবাসিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কুষ্টিয়া জেলার কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের এক/একাধিক প্যানেল করার নিমিত্ত তাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) ও অন্যান্য যোগ্যতা	প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাতা (টাকা)	সাক্ষাৎকারের স্থান ও সাক্ষাতারের তারিখ ও সময়
০১।	যানবাহন চালনা প্রশিক্ষণ প্রশিক্ষণের মেয়াদ-০১ মাস (অনাবাসিক) আসন সংখ্যা-৪০ জন। কোর্স ফি নেই।	অষ্টম শ্রেণি বা সমমানে পাশ বয়স-২১ থেকে ৩৫ বছর (জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক)	জনপ্রতি দৈনিক ১৫০/- টাকা (উপস্থিতির ভিত্তিতে)	উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া তারিখ:- ২৫/০১/২০২৩খ্রি. সময়:- সকাল ১০:০০টা

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:

- আবেদন/দরখাস্ত জমাদানের স্থান: উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া।
- আবেদন/দরখাস্ত জমাদানের শেষ তারিখ ২২ জানুয়ারী, ২০২২খ্রি.।
- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ২১ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে;
- স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজি), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজি), (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজি), (০৪) জন্ম তারিখ, (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স, (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা, (১০) ধর্ম, (১১) জেন্ডার, (১২) মোবাইল নম্বর, (১৩) Whatsapp নম্বর, (১৪) Facebook ID (যদি থাকে), (১৫) ই-মেইল ঠিকানা, (১৬) বিকল্প যোগাযোগ নম্বর, (১৭) সংশ্লিষ্ট বিষয়ে ইতঃপূর্বে প্রশিক্ষণ (যদি থাকে)।
- আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি, (খ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, (গ) নাগরিক সনদ ও (ঘ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র সঙ্গে আনতে হবে
- নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রশিক্ষণ প্রাপ্ত ও চলমান প্রশিক্ষণার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

উল্লেখ্য, যাদের জাতীয় পরিচয়পত্র নেই এবং যাদের যে কোন প্রকারের ড্রাইভিং লাইসেন্স রয়েছে, তারা কোনভাবেই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে না। কেউ তথ্য গোপন করে আবেদন করলে পরবর্তীকালে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

প্রশিক্ষণের শর্তাবলী:

- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্মী/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর দাখিল করতে হবে।
- প্রশিক্ষণকালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

১৪০-

(মোঃ মতিয়ার রহমান)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া

মোবাইল:-০১৭৩৪-৩৮৬০৩২

তারিখঃ ০৫/০১/২০২৩খ্রিঃ।

স্মারক নং-৩৪.০১.৫০০০.০০০.৩৮.১২০.২২-

৫৫২

অনুলিপি সদয় অবগতি কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, কুষ্টিয়া
- ০২। অধ্যক্ষ, টি,টি,সি, কুষ্টিয়া।
- ০৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর/মিরপুর/ভেড়ামার/দৌলতপুর/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া।
- ০৫। অফিস কপি।

১৪০/২৩

(মোঃ শাহজাহান আলী)

সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া

মোবাইল:-০১৯০৯-৪৩৫৫৭১